

প্রতিবাদে উত্তাল রাজশাহী ভাসিটি

■ রাজশাহী ব্যুরো ও রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্যের সঙ্গে সরকারদলীয় সাংসদ ও মহানগর আওয়ামী লীগ নেতাদের অসৌজন্যমূলক আচরণের প্রতিবাদে

উত্তাল রাজশাহী বিশ্ববিদ্যালয়। টানা চতুর্থ দিনের যতো মানববন্ধন, সমাবেশসহ বিভিন্ন প্রতিবাদ কর্মসূচি অব্যাহত রয়েছে। প্রতিবাদে আগামী বৃহৎ ও বৃহস্পতিবার রাস বর্জন কর্মসূচি পালন করবে সমাজবিজ্ঞান বিভাগ।

উত্তাল রাজশাহী বিশ্ববিদ্যালয়। টানা চতুর্থ দিনের যতো মানববন্ধন, সমাবেশসহ বিভিন্ন প্রতিবাদ কর্মসূচি অব্যাহত রয়েছে। প্রতিবাদে আগামী বৃহৎ ও বৃহস্পতিবার রাস বর্জন কর্মসূচি পালন করবে সমাজবিজ্ঞান বিভাগ।

এ অবস্থায় রাজশাহী সদর আসনের সাংসদ ও ওয়াকার্স পার্টির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা সমঝোতার উদ্যোগ নিয়েছেন। গতকাল সোমবার দুপুরে তিনি উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিনের সঙ্গে বৈঠক করেছেন। দুপুর সাড়ে ১২টায় উপাচার্য অধ্যাপক মিজানউদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করে দু'পক্ষকেই শান্ত থাকার অনুরোধ জানিয়েছেন রাজশাহী সদর আসনের সাংসদ ও বাংলাদেশ ওয়াকার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা। তিনি বলেন, 'বিষয়টি নিয়ে মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে কথা বলে তাদের ঘোষিত কর্মসূচি স্থগিত রাখার জন্য আহ্বান জানিয়েছি। আলোচনার মাধ্যমেই এ সমস্যার সমাধান করতে হবে। কোনো মতপার্থক্য থাকলে তা শান্তিপূর্ণভাবে সমাধান করতে হবে। সাক্ষাৎকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান, শিক্ষক সমিতির সভাপতি আনন্দ কুমার সাহা, সাধারণ সম্পাদক রেজাউল করিম বাদল প্রমুখ।

এর আগে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নৃবিজ্ঞান ও সঙ্গীত বিভাগের পক্ষ থেকে মানববন্ধন ও সমাবেশ করেছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগ, সভাপতি পরিষদ ও অফিসার সমিতি বিবৃতির মাধ্যমে এ ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

তোপের মুখে শিক্ষক সমিতির সভাপতি : উপাচার্যের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের প্রতিবাদে আয়োজিত মানববন্ধনে ঘটনার প্রতিবাদ না জানিয়ে উল্টো গণমাধ্যমকর্মীদের দোষারোপ করায় শিক্ষকদের তোপের মুখে পড়েন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনন্দ কুমার সাহা। সোমবার বেলা সাড়ে ১১টায় মানববন্ধন শেষে অর্থনীতি বিভাগের অধ্যাপক ও বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক ইলিয়াছ হোসেন, রসায়ন বিভাগের অধ্যাপক এনামুল হক, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক আঃজাদ হোসেনসহ বেশ কয়েকজন সিনিয়র শিক্ষক আনন্দ কুমার সাহার সামনে ফোভ প্রকাশ করেন।